500Rs.

INDIA NON JUDICIAL

५००रु. Rs 500

भारत

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES

Vide No. 366/৫৮ 27/8/3695/৫০ ৬.৯.৫০

A 139.50
N 1.20
140.70

24-Parganas

# - পারিবারিক ব্যবস্থা পত্র -

লিখিতং শ্রী পঞ্চানন দত্ত, পিতা মৃত শ্যাম চরন দত্ত, জাতি হিন্দু, পেশা বিষয় বিত্ত ভোগি, সাকিন ৩এ, নং কে, পি, রায় লেন, থানা সাবেক যাদবপুর, হাল রিজেন্ট পার্ক, কলিকাতা -৩৩, জেলা ২৪ পরগনা।

কস্য পারিবারিক ব্যবস্থা পত্র মিদং কার্য্যঞ্চ াগেঃ - আমি পারিবারিক ব্যবস্থা পত্র দাতা আমি কিছুদিন যাবত নানা প্রকার রোগে আক্রান্ত হইয়া ভুগিতেছি। অতঃপর আমার যথেষ্ট বয়স হইয়াছে, আমার প্রথমা পত্নী শ্রীমতী রানী বালা দত্ত অনেকদিন হয় পরলোক গমন করিয়াছেন, তাহার গর্ভজাত আমার দুই পুত্র শ্রীমান প্রফুল্ল কুমার দত্ত ও শ্রীমান জগদীশ চন্দ্র দত্ত বর্তমান। আমার উক্ত পত্নীর গর্ভজাত একটি কন্যা অবিবাহিত

7048 (6)
A. N. Bhattacharjee
Pleader Alipore

500/
N. 80

500.00
45.00
1.00
Rs 546/
/2504 =

11-80 ... on the 7th
Oct 80 ... the Office of
the Joint Sub-Registrar Alipur
by Panchanon Dutta

Panchanon Dutta
Son of Late Shyamacharan Dutta
of 3A, K. P. Roy Lane
Thana Regent Park
24 Pgs
Hindu Land holder

Sub-Registrar, Alipur
24-Parganas.

5876

Amiya Nath Bhattacharjee
Pleader
of Alipur

Amiyanath Bhattacharya
Pleader
Alipore.

Sub-Registrar, Alipur
24-Parganas

75 Rs.






অবস্থায় পরলোক গমন করে। তৎপর আমি শ্রীমতী মল্লিনা দত্তকে বিবাহ করি, তাহার গর্ভজাত দুই কন্যা শ্রীমতী জয়ন্তী দত্ত ও শ্রীমতী মাধবী দত্ত বর্তমান ও এক পুত্র শ্রীমান মাধব লাল দত্ত বর্তমান। আমি উপরোক্ত দুই কন্যা শ্রীমতী জয়ন্তী দত্ত ও শ্রীমতী মাধবী দত্তকে যথোপযুক্ত যৌতুকাদি প্রদান করিয়া সৎপাত্রে বিবাহ দিয়াছি তাহারা তাহাদের - স্বামী গৃহে তাহাদের স্বামী গনের সহিত সুখে স্বচ্ছন্দে বসবাস করিতেছে। আমি আমার পৈত্রিক ১৬নং টালিগঞ্জ সারকুলার রোড প্রেমিসেসে অবস্থিত সম্পত্তি আদি আমাদের মধ্যে বাটোয়ারা পূর্ব্বক উক্ত সম্পত্তি আমাদের মধ্যে বিভাগ বন্টন করিয়া লইয়া পৃথক চিহ্নিত করিয়া পৃথক ভাবে দখল লইয়াছি। আমার পৃথক দখলীয় সম্পত্তি - কলিকাতা কর্পোরেশনের পৃথক হোলডিং নম্বর ৩এ, নং কে, পি, রায় লেন প্রেমিসেস হইয়াছে, উক্ত ৩এ, নং কে, পি, রায় লেনস্থ প্রেমিসেসে কমিবেশী ।২।৵৫ সাত কাঠা ছয় ছটাক পাঁচ স্কোয়ার ফিট জমি আছে। তদুপরি যে গৃহাদি ছিল তাহা পরিবর্ত্তন, পরিবর্দ্ধন করিয়া গৃহাদি নির্মান করা হইয়াছে।

1048(6)
A. N. Bhattacharjee
Pleader, Alipore

1857
1 -1- 80

2.10.80

25 P.

INDIA

पचीस पैसे पचीस पैसे

भारत

TWENTY FIVE PAISE



মানুষের জীবন অনিত্য ও ক্ষন ভঙ্গুর, কখন কি হয় বলা সুকঠিন, একারণ আমার ত্যক্ত বিষয় সম্পত্তি সম্বন্ধে একটি পারিবারিক ব্যবস্হা পত্র সম্পাদন করিয়া যাওয়া স্হির - করিয়াছি , অত্র পারিবারিক ব্যবস্হা পত্র সম্পাদন ও রেজেস্ট্রি করিয়া আমার নিম্ন লিখিত সম্পত্তি সম্বন্ধে এই পারিবারিক ব্যবস্হা পত্র সম্পাদন করিতেছি । -

আমি ইতিপূর্ব্বে আমার মধ্যম পুত্র শ্রীমান জগদীশ চন্দ্র দত্ত সে নিজ উদ্যমে ব্যবসায়ে সুপ্রতিষ্ঠিত হইয়াছে তাহাকে একখণ্ড দান পত্র সম্পাদনে আমার স্বত্ব দখলীয় ৩এ, নং কে, পি, রায় লেনস্হ প্রেমিসেসের সম্পত্তি হইতে উহার উত্তরাংশে কমবেশী ১।৷১৯ এক কাঠা এগার ছটাক উনিশ স্কোয়ার ফিট জমি মায় তদুপরিস্হিত ভগ্ন প্রায় ও ভগ্ন টিনের ঘরাদি ও উক্ত জমির পশ্চিম পার্শ্বে কমবেশী ৮ ফুট হইতে ৫ ফুট ৬ইঞ্চি বিস্তৃত মোট ১৴২২ এক কাঠা দুই ছটাকবাইশ স্কোয়ার ফিট জমি মায় আমার স্বোপার্জিত অর্থে নির্মিত গৃহাদি সহ ও কমন প্যাসেজের যাবতীয় স্বত্বাদি সহ গত ইং ১৯৬৮ সালের ২রা ফেব্রুয়ারী তারিখে একখণ্ড দান পত্র সম্পাদন করিয়া দান করিয়াছি , সে উক্ত দান গ্রহন করিয়াছে । তথায় আমরা বসবাস করিতেছি । তৎপর আমি আমার উপরোক্ত -

25 P.

INDIA

पचीस पैसे पचीस पैसे

भारत

TWENTY FIVE PAISE



মধ্যম পুত্রের ব্যবহারে ও কর্মতৎপরতায় ও ব্যবসায়ে সুপ্রতিষ্ঠিত হওয়ায় আমি সন্তুষ্ট। আমার নির্মানীকৃত ৩এ, নং কে, পি, রায় লেনের উপর দোতালা ফ্লাট নির্মান - করিয়াছি তাহা আমি একটি পৃথক দান পত্র মূলে উক্ত ফ্লাটটি শ্রীমান জগদীশ চন্দ্র দত্তকে আর একটি পৃথক দান পত্র দলিল সম্পাদন করিয়া দখল দিয়াছি এবং সে তাহাতে - দখল লইয়াছেএবংশ্রীমান জগদীশ চন্দ্র দত্ত তাহা গ্রহন করিয়াছে। আমার স্ত্রী শ্রীমতী মলিনা দত্ত ও শ্রীমান প্রফুল্ল কুমার দত্ত ও শ্রীমান মাধব লাল দত্ত উক্ত বিষয় অবগত আছে।

আমার কনিষ্ঠ পুত্র শ্রীমান মাধব দত্ত অপরিনত বুদ্ধি ও বৃত্তি সম্পন্ন, তাহার সম্পত্তি দেখাশুনা ও পরিচালনা করা কোন ক্রমেই সম্ভবপর নহে। আমার এই পারিবারি ব্যবস্থা পত্র দ্বারা উপরিলিখিত সম্পত্তি , গৃহাদি ব্যতিরেকে যাহা কিছু সম্পত্তি গৃহাদি আমার আছে ও ভবিষ্যতেঅন্যান্য গৃহাদি যাহা নির্মিত হইবে তাহা আমার তিন পুত্র শ্রীমান প্রফুল্ল কুমার দত্ত ও শ্রীমান জগদীশ চন্দ্র দত্ত ও শ্রীমান মাধব লালদত্ত সমান তিন অংশে প্রাপ্ত হইবে। শ্রীমান প্রফুল্ল কুমার দত্ত ও শ্রীমান জগদীশ চন্দ্র দত্ত তাহাদের নিজ অংশ অনুযায়ী প্রাপ্ত সম্পত্তি দেখাশুনা করিবে , তৎ সহিত শ্রী মাধব লালদত্তের






ওয়ারেশ সূত্রে প্রাপ্ত যাবতীয় সম্পত্তি শ্রীমান প্রফুল্ল কুমার দত্ত ও শ্রীমান জগদীশ চন্দ্র দত্ত উভয়ে সম্পত্তি পরিচালনা, শাসন সংরক্ষন করিবে। কিন্তু আমার উপরোক্ত পুত্র গন তাহাদের প্রাপ্ত ওয়ারেশী সূত্রে প্রাপ্ত সম্পত্তি কাহাকেও দান বিক্রয় চিরস্থায়ী লিজ দিতে পারিবে না। আর প্রকাশ থাকে যে আমার পুত্র গনের ভবিষ্যত ওয়ারেশ গন ও আমার উক্ত সম্পত্তি দান বিক্রয় হস্তান্তর করিতে পারিবেক না। আমার স্ত্রী শ্রীমতী মলিনা দত্তকে আমার পুত্র গন যথেষ্ট ভক্তি শ্রদ্ধা করে এবং তিনিও পুত্র গনের সেবা যত্নে ও পরিচর্য্যায় দ্বারা সন্তুষ্ট হইয়াছেন। যতদিন তিনি জীবিত থাকিবেন আমার পুত্র গন আমার ত্যক্ত সম্পত্তির আয় হইতে তাহাকে যথোপযুক্ত ভাবে ভরন পোষন করিবে, যাহাতে তাহার নিজ জীবন ধারনের ও গ্রাসাচ্ছদনের কোন কষ্ট না হয়, তিনি তীর্থাদি ভ্রমন করিতে ইচ্ছুক হইলে আমার পুত্র গন তাহার সেই ইচছা সম্পূর্ণ ভাবে পুরণ করিবে।

আমার পুত্র গন মধ্যে শ্রীমান প্রফুল্ল কুমারদত্ত ও শ্রীমান জগদীশ চন্দ্র দত্ত আমার ত্যক্ত গৃহাদির ও যাবতীয় সম্পত্তির তত্ত্বাবধান, ভাড়াবিলি ব্যবস্থা ও আদায়াদির ব্যবস্থা কর্পোরেশান ট্যাক্স প্রদানের ও গৃহাদি মেরামতাদি ও পরিবর্তন পরিবর্দ্ধন যাবতীয়

25 P.

INDIA

पचीस पैसे पचीस पैसे

भारत

TWENTY FIVE PAISE



কার্য্যাদি করিবে ও শ্রীমান মাধব দত্ত অপরিনত বুদ্ধি সম্পন্ন থাকায় তাহার সম্পত্তির পরিচালনার যাবতীয় কার্য্যাদি আমার প্রথম পুত্র শ্রীমান প্রফুল্ল কুমার ও শ্রী জগদীশ চন্দ্র দত্ত করিবে। কিন্তু কেহ কোন সম্পত্তি বা তাহার কোন অংশ বিক্রয় করিতে পারিবে না।

এতদর্থে সুস্থ শরীরে সরল অন্তঃকরনে স্বেচছায় অন্যের বিনানুরোধে বহাল তবিয়তে স্বকীয় ভাব বুদ্ধি মতে বুঝিয়া শুনিয়া এই পারিবারিক ব্যবস্থা পত্র দলিল সহি সম্পাদন করিলাম। ইতি তাং ইং ১৯৮০ সালের ৩০ শে জুলাই। বাংলা ১৩৮৭ সালের ১৪ই শ্রাবন।

তপশীল সম্পত্তি –

জেলা ২৪ পরগনা সাবেক থানা টালিগঞ্জ সদর হাল যাদবপুর বর্ত্তমানে রিজেন্ট পার্ক সাবরেজেষ্ট্রি আলিপুর মৌজা যাদবপুর ডাক টালিগঞ্জ গ্রামে কলিকাতা কর্পোরেশনের ৩এ, নং কে, পি, রায় লেন প্রেমিসেসস্থিত ।২।৵৫ সাত কাঠা ছয় ছটাক পাঁচ স্কোয়ার ফুট জমির মধ্যে উত্তরাংশে ৴১॥৴১৯ এক কাঠা এগার ছটাক উনিশ

স্কোয়ার ফুট জমি তদুপরিস্থিত যাবতীয় গৃহাদি বাদে বক্রি জমি ও তদুপরি গৃহাদি মায় সাজ সরঞ্জাম সহ ও উক্ত প্রেমিসেসের ৩৬০নং স্যাংশান প্ল্যানের যাবতীয় স্বত্ব ও অধিকার ও উক্ত জমির পশ্চিম পার্শ্বের ৮ ফুট হইতে ৫ ফুট ৬ ইঞ্চি প্রশস্ত কমন প্যাসেজের জমিতে যাবতীয় কমন প্যাসেজের স্বত্ব ও অন্যান্য যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক উক্ত জমি বিগত জেলা জরিপে থানা সদর টালিগঞ্জ, জে এলনং ৪১, খতিয়াননং ৩৬৬, অধীন ৮৮/৩৩২ নং ভুক্ত ৩৩২দাগের ০২ শতক ও ৩৭২ নং খতিয়ানের যথাক্রমে ৮৮,৮৯ ও ৯০ দাগের ০৭ শতক ,১৩ শতক ও ০৭ শতক মোট চারি দাগে -২৯ শতক জমির অন্তর্গত হইতেছে।

জমি ও গৃহাদির আনুমানিক মূল্য ১৫০০০,পনর হাজার টাকা।

সাক্ষী

(1) Sri. Benoy Chowdhury
86/15, Brajen Mukerjee Road.
Calcutta - 34.

(2) Sunil Kumar Ghatak
350/2 Mahatma Gandhi Road
Cal - 41

টাইপ কারক
শ্রী
আলিপুর জজ কোর্ট।

Book No. I
Volume no. 124
Pages 102 to 106
Being No. 4843
For the year 1980

No. 60

21-Parganas.
16/5/81